**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৪৮

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ১০২০তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান এর সভাপতিত্বে ১০২০তম কমিশন সভা অদ্য ১৪/০৭/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। অদ্যকার কমিশন সভায়, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ এর সংশোধন প্রস্তাব(খসড়া) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এটি খুব শ্রীঘ্রই জনমত যাচাই এর জন্য পত্রিকায় ও কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

২। অদ্যকার কমিশন সভায়, Royal Footwear PLC এর Initial Qualified Investor Offer (IQIO) এর মাধ্যমে যোগ্য বিনিয়োগকারীদের (Qualified Investors) নিকট প্রতিটি ১০ (দশ) টাকা অভিহিত মূল্যের ১,২০,০০,০০০ (এক কোটি বিশ লক্ষ) টি সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে মোট ১২,০০,০০,০০০/- (বারো কোটি) টাকা মূলধন সংগ্রহের আবেদনের বিষয়টি অনুমোদন করে। উল্লেখ্য, জনাব মাসুদ খান নেতৃত্বাধীন নতুন কমিশন কর্তৃক এটি অনুমোদিত প্রথম IQIO।

Royal Footwear PLC শতভাগ রপ্তানীমূখী জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে, অন্যান্য দেশের পাশাপাশি, মার্কিন যুক্তরাষ্ট্রের বিখ্যাত জুতা কোম্পানী ROSS এ জুতা সরবরাহ করে থাকে।

Royal Footwear PLC উক্ত শেয়ার ইস্যুর মাধ্যমে সংগৃহীত অর্থ ব্যাংক ঋণ পরিশোধ, খুচরা যন্ত্রাংশ ও কাঁচামাল ক্রয়, এবং IQIO-সংক্রান্ত ব্যয় নির্বাহের উদ্দেশ্যে ব্যবহার করবে।উল্লেখ্য যে, কোম্পানিটির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে পুনর্মূল্যায়নজনিত শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV with revaluation) ছিল ২৭.৫৪ টাকা, পুনর্মূল্যায়ন ব্যতিত শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV without revaluation) ছিল ১৫.৭৪ টাকা এবং শেয়ার প্রতি অর্ধ-বার্ষিক আয় (EPS) ছিল ০.৮২ টাকা।

উক্ত ইস্যুতে Prime Bank Investment PLC ইস্যু ব্যবস্থাপক এবং Prime Bank Investment PLC ও EC Securities Limited আন্ডাররাইটার হিসেবে দায়িত্ব পালন করছে।

৩। অদ্যকার কমিশন সভায়, দেশের পুঁজিবাজারে লেনদেন ব্যবস্থাকে অধিকতর গতিশীল, দক্ষ ও আধুনিক করার লক্ষ্যে স্ক্রিপ নেটিং (Script Netting) বা ইন্ট্রাডে ট্রেডিং (Intraday Trading) চালুর জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা নিশ্চিত সাপেক্ষে স্টক এক্সচেঞ্জদ্বয়কে সম্মতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। অদ্যকার কমিশন সভায়, সম্পদ ব্যবস্থাপক Vanguard Asset Management Limited কর্তৃক পরিচালিত Vanguard AML BD Finance Mutual Fund One এর ১০ বছর মেয়াদপূর্তিতে ফান্ডের ট্রাস্টি-বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি পিএলসি এর আবেদনের প্রেক্ষিতে ফান্ডটির অবলুপ্তির প্রস্তাবে সম্মতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফান্ডটির মোট ইউনিট ক্যাপিটাল ফান্ড ১০৪.৩২ কোটি টাকা এবং ইউনিট প্রতি ফেসভ্যালু ১০ টাকা।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৪/০৭/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র